**জ্ঞানেন্দু বিকাশ চাকমা**, উপ-নিবন্ধক (প্রশাসন), বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম কর্তৃক

**"খুরুশকুল সুখের ঠিকানা মহিলা উন্নয়ন সমবায় সমিতি লিঃ"-এর**

# পরিদর্শন প্রতিবেদন

**জ্ঞানেন্দু বিকাশ চাকমা**, উপ-নিবন্ধক (প্রশাসন), বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম কর্তৃক ০৯/১১/২০২২খ্রি. তারিখে **"খুরুশকুল সুখের ঠিকানা মহিলা উন্নয়ন সমবায় সমিতি লিঃ"** এর

# পরিদর্শন প্রতিবেদন ঃ

০১। সমিতির নাম ঃ খুরুশকুল সুখের ঠিকানা মহিলা উন্নয়ন সমবায় সমিতি লিঃ

০২। সমিতির ঠিকানা ঃ গ্রাম-উত্তর হিন্দু পাড়া, ডাকঘর-খুরুশকুল
উপজেলা-কক্সবাজার সদর, জেলা-কক্সবাজার।

০৩। সমিতির নিবন্ধন নং ও তাং- ঃ ১৩৬৪, তারিখ-১৬/০৮/২০০৯খ্রিঃ।

০৪। সমিতির সভ্য নির্বাচনী এলাকা ঃ সমগ্র খুরুশকুল ইউনিয়নের মধ্যে সীমাবদ্ধ।

০৫। সমিতির কর্ম এলাকা ঃ ঐ

০৬। সমিতি পরিদর্শনকারী কর্মকর্তার নাম ঃ জ্ঞানেন্দু বিকাশ চাকমা, উপ-নিবন্ধক (প্রশাসন), বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম

০৭। সমিতি পরিদর্শনের তারিখ ঃ ০৯/১১/২০২২খ্রি.।

০৮। সমিতি সাবেক ব্যবস্থাপনা কমিটির নাম, পদবী ও নির্বাচনের তারিখঃ

| ক্র. নং | ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নাম | পদবী | নির্বাচনের তারিখ |
|---|---|---|---|
| ০১ | জনাব রুবী রুদ্র | সভাপতি | ২০/০১/২০২০ইং |
| ০২ | জনাব দীপু দে | সহ-সভাপতি | |
| ০৩ | জনাব মুর্শিদা বেগম | সম্পাদক | |
| ০৪ | জনাব রূপালী দে | সদস্য | **প্রথম সভা** |
| ০৫ | জনাব মঞ্জু বালা দে | সদস্য | ২০/০১/২০২০ইং |
| ০৬ | জনাব লাকী শীল | সদস্য | |
| ০৭ | জনাব আরতি দে | সদস্য | |
| ০৮ | জনাব ঝর্ণা দে | সদস্য | |
| ০৯ | জনাব সুমতি পাল (ঝর্ণা) | সদস্য | |
| ১০ | জনাব নেলী দে | সদস্য | |
| ১১ | জনাব কহিনুর আক্তার | সদস্য | |
| ১২ | জনাব চিনু সরকার | সদস্য | |

০৯। সমিতির সর্বশেষ বার্ষিক সাধারণ সভার তারিখঃ ১৫/০২/২০২১খ্রি.

১০। সমিতির আদায়কৃত শেয়ার মূলধন ঃ ৬১,৮০০/- টাকা

১১। সমিতির আদায়কৃত সঞ্চয় আমানত ঃ ২০,৫০,৮৪৬/-টাকা

১২। সমিতির কার্যকরি মূলধন ঃ ৭,৯২,০৯০/- টাকা

১৩। সমিতির সদস্য সংখ্যা ঃ ৪২৫ জন, শিশু সদস্যের সংখ্যা-৫৮ জন।

১৪। সমিতির হস্ত মজুদ তহবিলের পরিমান ঃ ২৭,০৮৪/-টাকা (২০২০-২০২১আর্থিক সনের নিরীক্ষা প্রতিবেদন মোতাবেক)

১৫। সমিতির শ্রেণী ঃ "ক" শ্রেণী।

## পরিদর্শন মন্তব্য ঃ

পূর্ব আনুষ্ঠানিকতা পালন করতঃ অদ্য ০৯/১১/২০২২ইং তারিখ সমিতির যাবতীয় কার্যক্রম পরিদর্শন করি এবং পরিদর্শনের সময় সমিতির ব্যবস্থাপানা কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালীন সময়ে ছোট-খাট দোষ ত্রুটি তাৎক্ষনিকভাবে সংশোধন করে নেয়া হয় এবং অন্যান্য ও দোষ-ত্রুটি বিচ্যুতি সমূহ সংশোধনের নিমিত্তে নিম্নে কতিপয় দিক নির্দেশনাসহ পরামর্শ প্রদান করা হল।

০১। **সমিতির উদ্দেশ্য ঃ** পরিদর্শনকালে সমিতির উপ-আইন পাওয়া যায়। তাতে সমিতির প্রধান উদ্দেশ্য হলো সমিতির মহিলা সদস্যদের আর্থ-সামজিক উন্নয়নের জন্য বহুমুখী পদক্ষেপ গ্রহন করা। সমিতির প্রায় সদস্য ও কর্মকর্তাগণ সমিতির উদ্দেশ্য বাস্তবায়নের জন্য সর্বদা সক্রিয় বলে পরিলক্ষিত হয়।

০২। **সমিতির সদস্য সংখ্যা ঃ** সমিতির বর্তমান সদস্য সংখ্যা-৪২৫ জন এবং শিশু সদস্য সংখ্যা-৫৮ জন। সদস্য সংখ্যা আরও বৃদ্ধি করে সমিতির কার্যকরী মূলধন বৃদ্ধি করার জন্য বলা হল। সদস্য রেজিষ্টারে সকল সদস্যের স্বাক্ষর পরিলক্ষিত হয়। নতুন সদস্য ভর্তি হলে সদস্য রেজিষ্টার বহি হালনাগাদ করার পরামর্শ দেয়া গেল।

০৩। **ব্যবস্থাপানা কমিটি ঃ** সমিতির ব্যবস্থাপনা কমিটি বর্তমানে ১২(বারো) জন সদস্য দ্বারা পারিচালিত হচ্ছে। বিগত ২০/০১/২০২০ইং তারিখে নির্বাচন অনুষ্ঠিত হয় এবং ২০/০১/২০২০খ্রি. তারিখে উক্ত কমিটি ১ম সভার মাধ্যমে দায়িত্বভার গ্রহণ করেন। সেই হিসাবে উক্ত কমিটির মেয়াদ বিগত-১৯/০১/২০২৩ইং তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। সমবায় আইন/২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) ও সমবায় বিধিমালা/২০০৪ (সংশোধন ২০২০) এবং সমিতির বিদ্যমান উপ-আইনের আলোকে কার্যক্রম পরিচালনা করার জন্য পরামর্শ দেওয়া গেল।

৪। **সমিতির সভা ঃ** রেকর্ড পর্যালোচনায় দেখা যায় যে, সমিতিতে নিয়মিত ব্যবস্থাপনা কমিটির সভা হয় এবং বার্ষিক সাধারণ সভা বিগত ১৫/০২/২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। পরিদর্শনকালে সভার রেজুলেশন বহি পাওয়া যায়। ভবিষ্যতেও নিয়মিত সভা অনুষ্ঠানের মাধ্যমে সমিতির কার্যক্রম পরিচালনা করার জন্য পরামর্শ দেওয়া গেল। নিয়মিত ব্যবস্থাপনা কমিটির সভা এবং নিরীক্ষা সম্পাদনের ৬০(ষাট) দিনের মধ্যে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করার জন্য পরামর্শ দেওয়া গেল।

০৫। **শেয়ার মূলধন ঃ** অত্র সমিতির অনুমোদিত শেয়ার মূলধনের পরিমান ৫০,০০,০০০/- টাকা। উহা ৫০,০০০ অংশে বিভক্ত এবং প্রতি শেয়ারের মূল্য-১০০/- টাকা। পরিদর্শন কালে সমিতির মোট শেয়ার মূলধনের পরিমান-৬১,৮০০/- টাকা। এ পর্যন্ত কোন শেয়ার ফেরত প্রদান করা হয় নাই। সমিতির শেয়ার মূলধন আরও বৃদ্ধি এবং সকল সদস্যগণকে শেয়ার সার্টিফিকেট প্রদান করার জন্য পরামর্শ প্রদান করা হল।

০৬। **সঞ্চয় আমানত ঃ** বর্তমানে সমিতিতে আদায়কৃত সঞ্চয় আমানতের পরিমান-২০,৫০,৮৪৬/- টাকা। সমিতির প্রত্যেক সদস্য হতে নিয়মিত সঞ্চয় আমানত আদায় করার জন্য পরামর্শ দেয়া গেল এবং সঞ্চয় আমানত রেজিষ্ট্রারের অসম্পূর্ণ কলামগুলো যথাযথভাবে পূরণ করার জন্য ও সদস্যদের হালনাগাদ পাশ বহি সরবরাহের জন্য পরামর্শ প্রদান করা হল।

০৭। **লাভ-ক্ষতিঃ** পরিদর্শন কালে দেখা যায় যে, সমিতির লাভের পরিমান-২৯,২০৮/-(২০২০-২০২১ সনের নিরীক্ষা প্রতিবেদন মোতাবেক) টাকা। সমিতির রাজস্ব আয়ের চাইতে ব্যয় কম হওয়ায় এই লাভ হয়েছে। সমিতিকে আরও লাভের ব্যবস্থা করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হল এবং একই সাথে ব্যয় সংকোচন নীতি অনুসরণের জন্য পরামর্শ দেয়া গেল।

**সমাপনী মন্তব্য ঃ** সমিতির কার্যক্রম বর্তমানে মোটামোটি সন্তোষজনক মর্মে বিবেচিত। সমিতির সদস্যদের আর্থসামাজিক উন্নয়নের জন্য চাহিত মোতাবেক উন্নয়ন প্রকল্প দেয়া যায়। সমিতিকে আরও সার্বিক উন্নতির দিকে নিয়ে যেতে সকলের ঐক্যমত্যের ভিত্তিতে কাজ করার জন্য পরামর্শ দেয়া হল। সকল সদস্যগণকে তাদের শেয়ার সার্টিফিকেট প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হলো। প্রতি বৎসরের আয়-ব্যয় নির্বাহের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাজেট অনুমোদন করিয়ে নেয়ার জন্য পরামর্শ প্রদান করা হলো। পরিদর্শন কালে উপস্থিত সমিতির সভাপতি, সম্পাদক ও সদস্যগণের সার্বিক সহযোগীতা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি। পরিশেষে সমিতির সার্বিক উন্নতি কামনা করছি।

(জ্ঞানেন্দু বিকাশ চাকমা)
উপ-নিবন্ধক (প্রশাসন)
বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম।

স্মারক নং-

তারিখ-

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি ঃ**

০১। সভাপতি/সম্পাদক, খুরুশকুল সুখের ঠিকানা মহিলা উন্নয়ন সমবায় সমিতি লিঃ
০২। উপজেলা সমবায় অফিসার, সদর, কক্সবাজার।
০৩। যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। অফিস নথি।

উপ-নিবন্ধক (প্রশাসন)
বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম।